রফতানির ফলে তৃণমূলে চামড়ার দাম ভালো হবে: বাণিজ্যমন্ত্রী

চামড়া রফতানির দ্বার উন্মুক্ত করে দেওয়া হয়েছে। এর ফলে তৃণমূলে চামড়ার দাম ভালো হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি।

বুধবার সকালে নগরীর সেন্ট্রাল রোডস্থ বাসভবনে তিনি সাংবাদিকদের একথা জানান।

টিপু মুনশি বলেন, চামড়া বাজারের কথা বিবেচনা করে সরকারের পক্ষ থেকে দাম নির্ধারণ করে দেওয়া হয়েছিল। ট্যানারি মালিক ও চামড়া ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা করা হয়েছিলো যেন তারা নির্ধারিত দামে চামড়া কেনে। আমরা ঈদের দিন থেকে লক্ষ করলাম, চামড়ার দাম গ্রহণযোগ্য পর্যায়ে নেই। এভাবে চলতে পারে না, তাৎক্ষণিকভাবে চামড়া রফতানির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, মূলত কোরবানির পশুর চামড়া মসজিদ-মাদ্রাসায় দান করা হয়। সেই চামড়া অনেক কম দামে বিক্রি করতে হচ্ছে। ইউনিয়ন-উপজেলা পর্যায়ে ব্যবসায়ীরা লবণ দিয়ে চামড়া কিছুদিনের জন্য সংরক্ষণ করতে পারলে রফতানির জন্য ভালো দাম পেতে পারেন। যখনই ভালো কিছু করার চেষ্টা করি তখন কিছু ব্যবসায়ীরা তার সুযোগ নেয়। তাই আমরা চামড়া রফতানি করার অনুমতি দিয়েছি।

‘সরকার গরিবের হক মারছে’ বিএনপির এমন মন্তব্যের ব্যাপারে টিপু মুনশি বলেন, সমালোচনা করাই হচ্ছে বিএনপির কাজ। ভালো কাজ কখনোই তাদের চোখে পড়ে না। সমুদ্র জয় যখন হয়েছিলো তখন প্রাথমিকভাবে তারা ইতিবাচক মন্তব্য করলেও পরে নেতিবাচক মন্তব্যে ঘুরে দাঁড়ায়।

এসময় মন্ত্রীর সঙ্গে স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।